গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
পরিকল্পনা শাখা-১
www.ssd.gov.bd

নং-৫৮.০০.০০০০.০৯৩.০৬.০০১.১৯-১৩৮

তারিখ: ৩১ বৈশাখ ১৪২৭ ব: / ১৪ মে ২০২০ খ্রি:

বিষয় : স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের আওতাধীন সুরক্ষা সেবা বিভাগের ২০১৯-২০২০ অর্থবছরের আরএডিপিভুক্ত প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী প্রেরণ।

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের আওতাধীন সুরক্ষা সেবা বিভাগের ২০১৯-২০২০ অর্থবছরের আরএডিপিভুক্ত প্রকল্পসমূহের এপ্রিল/২০২০ মাস পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভা স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে গত ১২ মে ২০২০ তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী পরবর্তী কার্যার্থে এতদসঙ্গে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

১৪.০৫.২০২০
(শিরিন আখতার)
সিনয়র সহকারী প্রধান
ফোনঃ ৯৫৬৫৫৭৫

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুযায়ী নহে):

১. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
(দৃঃ আঃ জনাব মোহাম্মদ মমিনুর রহমান, পরিচালক-১২)।
২. সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
৩. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৫. সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৬. সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৭. সদস্য, আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৮. সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
১০. প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
১১. মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
১২. প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
১৩. অতিরিক্ত সচিব (নিরাপত্তা ও বহিরাগমন/অগ্নি/উন্নয়ন/মাদক/কারা), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
১৪. অর্থনৈতিক উপদেষ্টা, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫. কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর, বকশি বাজার, ঢাকা।
১৬. মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
১৭. যুগ্মসচিব (প্রশাসন/উন্নয়ন), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
১৮. পরিচালক (পূর্ত) ই ইন সিজ ব্রাঞ্জ, ওয়ার্কস ডাইরেক্টরেট, ঢাকা সেনানিবাস, ঢাকা।
১৯. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, এজিবি ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
২০. প্রকল্প পরিচালক, ১৫৬ প্রকল্প, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
২১. প্রকল্প পরিচালক, ২৫ (সংশোধিত ৪৬) প্রকল্প, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
২২. প্রকল্প পরিচালক, ডুবুরি প্রকল্প, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
২৩. প্রকল্প পরিচালক, ১১ মডার্ণ প্রকল্প, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
২৪. প্রকল্প পরিচালক, সেফার প্রকল্প, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
২৫. প্রকল্প পরিচালক, খুলনা জেলা কারাগার নির্মাণ (১ম সংশোধিত) প্রকল্প, কারা অধিদপ্তর, ঢাকা।
২৬. প্রকল্প পরিচালক, কারা প্রশিক্ষণ একাডেমী, রাজশাহী নির্মাণ প্রকল্প, কারা অধিদপ্তর, ঢাকা।

২৭. প্রকল্প পরিচালক, ময়মনসিংহ কেন্দ্রীয় কারাগার সম্প্রসারণ ও আধুনিকীকরণ প্রকল্প, কারা অধিদপ্তর, ঢাকা।
২৮. প্রকল্প পরিচালক, কারা নিরাপত্তা আধুনিকায়ন (ঢাকা, চট্টগ্রাম ও ময়মনসিংহ বিভাগ) প্রকল্প, কারা অধিদপ্তর, ঢাকা।
২৯. প্রকল্প পরিচালক, পুরাতন ঢাকা কেন্দ্রীয় কারাগার এর ইতিহাস, ঐতিহাসিক ভবন সংরক্ষণ ও পারিপার্শ্বিক উন্নয়ন প্রকল্প, কারা অধিদপ্তর, ঢাকা।
৩০. প্রকল্প পরিচালক, কুমিল্লা কেন্দ্রীয় কারাগার পুন:নির্মাণ প্রকল্প, কারা অধিদপ্তর, ঢাকা।
৩১. প্রকল্প পরিচালক, নরসিংদী জেলা কারাগার নির্মাণ প্রকল্প, কারা অধিদপ্তর, ঢাকা।
৩২. প্রকল্প পরিচালক, বাংলাদেশে ই-পাসপোর্ট ও স্বয়ংক্রিয় বর্ডার নিয়ন্ত্রণ ব্যবস্থাপনা প্রবর্তন প্রকল্প, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
৩৩. প্রকল্প পরিচালক, ১৭টি আঞ্চলিক পাসপোর্ট অফিস নির্মাণ প্রকল্প, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
৩৪. প্রকল্প পরিচালক, ১৬টি আঞ্চলিক পাসপোর্ট অফিস নির্মাণ প্রকল্প, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
৩৫. প্রকল্প পরিচালক, ৪টি বিভাগীয় শহরে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের টেস্টিং ল্যাবরেটরি স্থাপন প্রকল্প, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, সেগুনবাগিচা ঢাকা।
৩৬. প্রকল্প পরিচালক, The project for illicit Drug Eradication and Advanced Management through It (I DERAM it) প্রকল্প মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, সেগুনবাগিচা ঢাকা।

অনুলিপি সদয় অবগতির জন্যঃ

১. মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
৩. প্রোগ্রামার, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (সভার কার্যবিবরণী ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
পরিকল্পনা শাখা-১
www.ssd.gov.bd

সুরক্ষা সেবা বিভাগের ২০১৯-২০২০ অর্থবছরের আরএডিপিভুক্ত প্রকল্পসমূহের এপ্রিল ২০২০ মাসের বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত মাসিক পর্যালোচনা সভার কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মো: শহিদুজ্জামান<br>সচিব, সুরক্ষা সেবা বিভাগ |
| তারিখ | : | ১২ মে ২০২০ |
| সময় | : | বেলা ১১.০০ মিনিট |
| স্থান | : | মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ। |

উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট ‘ক’ তে উপস্থাপন করা হলো।

উপস্থিত কর্মকর্তাকে শুভেচ্ছা জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করে। তিনি বর্তমান করোনা সংক্রমণ পরিস্থিতিতে স্বাস্থ্য সেবা বিভাগের নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করে উন্নয়ন প্রকল্পের কাজ যথাযথভাবে বাস্তবায়নের জন্য পুনরায় সংশ্লিষ্ট সকলের প্রতি আহবান জানান।

০২। বিগত সভার কার্যবিবরণী অনুমোদন :

২৫.০২.২০২০ তারিখে অনুষ্ঠিত মাসিক এডিপি সভার কার্যবিবরণী পাঠান্তে সভায় দৃঢ়ীকরণ করা হয়।

০৩। দপ্তর/সংস্থাওয়ারি প্রকল্প বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা :

(ক) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর :

| ক্রমিক | প্রকল্পের নাম | ২০১৯-২০ অর্থবছরে বরাদ্দ | এপ্রিল ২০২০ পর্যন্ত অগ্রগতি |
|---|---|---|---|
| (১) | ৪টি বিভাগীয় শহরে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের টেস্টিং ল্যাবরেটরি স্থাপন প্রকল্প | ৫০০.০০ | ০.৮৮ (০.১৭%) |
| (২) | The project for illicit Drug Eradication and Advanced Management through It (I DERAM it) প্রকল্প | ৫.০০ | - |

(খ) ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর :

| ক্রমিক | প্রকল্পের নাম | ২০১৯-২০ অর্থবছরে বরাদ্দ | এপ্রিল ২০২০ পর্যন্ত অগ্রগতি |
|---|---|---|---|
| (১) | ১৭টি আঞ্চলিক পাসপোর্ট অফিস নির্মাণ প্রকল্প | ১৫০০.০০ | ৫৬৯.৭৯ (৩৭.৯৮%) |
| (২) | বাংলাদেশে ই-পাসপোর্ট ও স্বয়ংক্রিয় বর্ডার নিয়ন্ত্রণ ব্যবস্থাপনা প্রবর্তন প্রকল্প | ৪১০০০.০০ | ৯৮৬.৪৯ (২.৪০%) |
| (৩) | ১৬টি আঞ্চলিক পাসপোর্ট অফিস নির্মাণ প্রকল্প | ৩০০০.০০ | ৭৪৩.০৬ (২৪.৭৬%) |

(গ) কারা অধিদপ্তর :

| ক্রমিক | প্রকল্পের নাম | ২০১৯-২০ অর্থবছরে বরাদ্দ | এপ্রিল ২০২০ পর্যন্ত অগ্রগতি |
|---|---|---|---|
| (১) | খুলনা জেলা কারাগার নির্মাণ (১ম সংশোধিত) প্রকল্প | ২৫৬০.০০ | ৬২৫.০০ (২৪.৪১%) |
| (২) | কারা প্রশিক্ষণ একাডেমী, রাজশাহী নির্মাণ প্রকল্প | ২২০০.০০ | ৯৩২.০০ (৪২.৩৬%) |
| (৩) | ময়মনসিংহ কেন্দ্রীয় কারাগার সম্প্রসারণ ও আধুনিকীকরণ প্রকল্প | ২৬০০.০০ | ১৩৮০.০০ (৫৩.০৭%) |
| (৪) | কারা নিরাপত্তা আধুনিকায়ন (ঢাকা, চট্টগ্রাম ও ময়মনসিংহ বিভাগ) প্রকল্প | ৭৯৪.০০ | - |
| (৫) | পুরাতন ঢাকা কেন্দ্রীয় কারাগার এর ইতিহাস, ঐতিহাসিক ভবন সংরক্ষণ ও পারিপার্শ্বিক উন্নয়ন প্রকল্প | ৩০০.০০ | ১৭.৪৯ (৫.৮৩%) |
| (৬) | কুমিল্লা কেন্দ্রীয় কারাগার পুন:নির্মাণ প্রকল্প | ২০০০.০০ | ১৪.৯০ (০.৭৪%) |
| (৭) | নরসিংদী জেলা কারাগার নির্মাণ প্রকল্প | ৪০.০০ | - |

(ঘ) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর :

| ক্রমিক | প্রকল্পের নাম | ২০১৯-২০ অর্থবছরে বরাদ্দ | এপ্রিল ২০২০ পর্যন্ত ব্যয় |
|---|---|---|---|
| (১) | দেশের গুরুত্বপূর্ণ বিভিন্ন উপজেলা/স্থানে ১৫৬টি ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন (১ম সংশোধিত) প্রকল্প | ২১৮০০.০০ | ৭২১৪.২৩ (৩৩.০৯%) |
| (২) | দেশের গুরুত্বপূর্ণ ২৫টি উপজেলা সদর/স্থানে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন (২য় সংশোধিত) প্রকল্প | ৬৫৮৭.০০ | ২০৯১.৯১ (৩১.৭৫%) |
| (৩) | ১১টি মডার্ণ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন প্রকল্প | ১৬০০০.০০ | ১৯২৫.০৯ (১২.০৩%) |
| (৪) | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ডুবুরী ইউনিট সম্প্রসারণ প্রকল্প | ৪৮০৩.০০ | ২৪.৮৩ (০.৫১% |
| (৫) | Strengthening Ability of Fire Emergency Response (SAFER) Project প্রকল্প | ৪৫০০.০০ | (২১১.০৭) (৪.৬৭%) |

প্রকল্প পরিচালকগণ জানান, তারা প্রকল্পের পূর্ত কাজ বাস্তবায়নের বিষয়ে গণপূর্ত বিভাগের মাঠ পর্যায়ের কর্মকর্তাগণের সাথে নিয়মিত যোগাযোগ করছেন। প্রকল্পসমূহের পূর্ত কাজের সুষ্ঠু বাস্তবায়নের লক্ষ্যে এ পর্যায়ে গণপূর্ত অধিদপ্তর কর্তৃক মাঠ পর্যায়ে জরুরি নির্দেশনা প্রদান করা যেতে পারে বলে সভায় মতামত ব্যক্ত করা হয়।

০৪। <u>নভেল করোনা ভাইরাসের প্রাদুর্ভাবে সৃষ্ট পরিস্থিতি মোকাবিলায় ২০১৯-২০ অর্থবছরে সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় প্রকল্পসমূহ বাস্তবায়ন প্রসঙ্গে:</u>

সভাপতি জানান, নভেল করোনা ভাইরাসের প্রাদুর্ভাবে সৃষ্ট পরিস্থিতিতে ২০১৯-২০২০ অর্থবছরের আরএডিপি বাস্তবায়নের ক্ষেত্রে নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণ করার জন্য অর্থ বিভাগ গত ২২.৪.২০২০ তারিখে পরিপত্র জারি হয়েছে :

(ক) মন্ত্রণালয়/বিভাগসমূহ তার আওতাধীন দপ্তরসমূহ/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানসমূহ কর্তৃক বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের মধ্যে “সর্বোচ্চ অগ্রাধিকার” চিহ্নিত প্রকল্পসমূহের বাস্তবায়ন অব্যাহত রাখবে;

(খ) মন্ত্রণালয়/বিভাগসমূহ “মধ্যম অগ্রাধিকার” চিহ্নিত প্রকল্পসমূহের ক্ষেত্রে প্রকল্পের যে সকল খাতে অর্থ ব্যবহার অবশ্যম্ভাবী, মন্ত্রণালয়/বিভাগসমূহ স্বীয় বিবেচনায় সে সকল খাতে অর্থ ব্যয় করবে; এবং

(গ) মন্ত্রণালয়/বিভাগসমূহ “নিম্ন অগ্রাধিকার” প্রকল্পসমূহের অর্থ ছাড় বা ব্যয়ের ক্ষেত্রে অর্থ বিভাগের পূর্ব সম্মতি গ্রহণ করবে।

অতিরিক্ত সচিব (উন্নয়ন) জনাব প্রদীপ রঞ্জন চক্রবর্তী জানান যে, উক্ত পরিপত্রের আলোকে অর্থ বিভাগ ২৩.৪.২০২০ তারিখে অত্র বিভাগের নিম্নবর্ণিত সর্বোচ্চ অগ্রাধিকার, মধ্যম অগ্রাধিকার ও নিম্ন অগ্রাধিকার ভিত্তিক তালিকা প্রেরণপূর্বক তার আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানায় :

(ক) ‘<u>সর্বোচ্চ অগ্রাধিকার</u>’ :

(১) দেশের গুরুত্বপূর্ণ উপজেলা সদর/স্থানে ১৫৬টি ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন;
(২) “Strengthening Ability of Fire Emergency Response (SAFER) Project;
(৩) বাংলাদেশ ই-পাসপোর্ট ও স্বয়ংক্রিয় বর্ডার নিয়ন্ত্রণ ব্যবস্থাপনা প্রবর্তন;
(৪) কারা প্রশিক্ষণ একাডেমী, রাজশাহী;
(৫) ময়মনসিংহ কেন্দ্রীয় কারাগার সম্প্রসারণ ও আধুনিকীকরণ।

(খ) ‘<u>মধ্যম অগ্রাধিকার</u>’ :

(১) দেশের গুরুত্বপূর্ণ ২৫টি (সংশোধিত ৪৬টি) উপজেলা সদর/স্থানে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন;
(২) ১৬টি আঞ্চলিক পাসপোর্ট অফিস নির্মাণ;
(৩) খুলনা জেলা কারাগার নির্মাণ।

(গ) ‘নিম্ন অগ্রাধিকার’ :

(১) ১১টি মডার্ণ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন;
(২) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ডুবুরি ইউনিট সম্প্রসারণ;
(৩) নরসিংদী জেলা কারাগার নির্মাণ;
(৪) পুরাতন ঢাকা কেন্দ্রীয় কারাগার এর ইতিহাস, ঐতিহাসিক ভবন সংরক্ষণ এ পারিপার্শ্বিক উন্নয়ন;

(৫) কুমিল্লা কেন্দ্রীয় কারাগার পুন:নির্মাণ শীর্ষক;

(৬) ৪টি বিভাগীয় শহরে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের টেস্টিং ল্যাবরেটরি স্থাপন।

অর্থ বিভাগের উক্ত পরিপত্রের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য গত ২৩.৪.২০২০ তারিখে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়েছে।

০৫। মন্ত্রণালয়/বিভাগের কর্মকর্তাগণ কর্তৃক প্রকল্পের কাজ মনিটরিং করা প্রসঙ্গে :

প্রকল্পের কাজের সুষ্ঠু বাস্তবায়নের লক্ষ্যে দপ্তর/সংস্থা এবং প্রকল্প পরিচালকের পাশাপাশি প্রকল্পের বিভিন্ন কম্পোনেন্টের বাস্তবায়ন কাজ নিয়মিত মনিটরিং করার জন্য গত ২৭.১.২০২০ তারিখে ১৬টি প্রকল্পের জন্য অত্র বিভাগের ১২ জন কর্মকর্তাকে অফিস আদেশের মাধ্যমে দায়িত্ব প্রদান করা হয়। এর পর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণের সাথে উন্নয়ন অনুবিভাগের অতিরিক্ত সচিব ০২ বার বৈঠক করে তাদের কাজ-কর্ম বুঝিয়ে দিয়েছেন। উক্ত কর্মকর্তাগণের নিকট থেকে আশানুরুপ ফিডব্যাক পাওয়া যাচ্ছে না বলে সভায় মতামত ব্যক্ত করা হয়। ১১ মাডার্ণ প্রকল্পের মনিটরিং কাজের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ইতোমধ্যে অন্যত্র বদলি হয়ে গেছেন। তার স্থলে অন্য ০১ জন কর্মকর্তাকে দায়িত্ব প্রদান করা প্রয়োজন।

০৬। বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত গ্রহণ করা হয় :

(৬.১) সর্বোচ্চ অগ্রাধিকার, মধ্যম অগ্রাধিকার এবং নিম্ন অগ্রাধিকার প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রমের বিষয়ে অর্থ বিভাগের পরিপত্র যথাযথভাবে অনুসরণ করতে হবে;

(৬.২) প্রকল্পের পূর্ত কাজ বাস্তবায়নের বিষয়ে গণপূর্ত অধিদপ্তর হতে মাঠ পর্যায়ের কর্মকর্তাগণকে জরুরি প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদানের জন্য গণপূর্ত অধিদপ্তরের প্রধান প্রকৌশলীকে পত্র দিতে হবে;

(৬.৩) প্রকল্প বাস্তবায়নের অগ্রাধিকার হার উল্লেখ করে বাস্তবায়ন কাজ যথাসময়ে এবং যথাযথভাবে সম্পন্ন করার জন্য দপ্তর/সংস্থা প্রধান এবং প্রকল্প পরিচালকগণকে পত্র দিতে হবে;

(৬.৪) প্রকল্পের কাজের মনিটরিংয়ের জন্য দায়িত্বপ্রাপ্ত সুরক্ষা সেবা বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ নিয়মিত পিডি এবং অন্যান্য দপ্তর/সংস্থার সাথে যোগাযোগ করে প্রতি সপ্তাহের ১ম কর্মদিবসে স্ব স্ব দায়িত্বপ্রাপ্ত প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতির চিত্র উন্নয়ন অনুবিভাগ এবং সচিব মহোদয়ের দপ্তরে আবশ্যিকভাবে প্রেরণ করবেন। ১১ মডার্ণ প্রকল্পের মনিটরিংয়ের দায়িত্ব পালন করবেন উপপ্রধান জনাব মো: কামাল আতাহার হোসেন;

(৬.৫) প্রকল্প রিভিশন, প্রকল্পের জমি অধিগ্রহণ, প্রকল্প সংক্রান্ত মামলা/মোকদ্দমা, প্রকল্পের ওয়ার্ক প্ল্যান/প্রকিউরমেন্ট প্ল্যান বাস্তবায়ন সংক্রান্তে ইতোপূর্বের সিদ্ধান্ত বাস্তবায়ন না হওয়ায় সভায় অসন্তোষ ব্যক্ত করা হয় এবং এ সকল কার্যক্রম জরুরি ভিত্তিতে বাস্তবায়ন করার জন্য সংশ্লিষ্ট পিডিগণকে পুনরায় জরুরি নির্দেশনা প্রদান করা হয়।

০৭। পরিশেষে সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
১৪/০৫/২০২০
(মো: শহিদুজ্জামান)
সচিব
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়